দৈনিক ইত্তেফাক

তারিখ 07 AUG 1997
পৃষ্ঠা ৬ কলাম ১

# '৯১ সালের পরীক্ষা '৯৭ সালে

কৃষিবিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ অবিশ্বাস্য হইলেও সত্য যে, কৃষিবিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের ১৯৯১ সনের এমএসসি পরীক্ষা ১৯৯৭ সনের ২১শে সেপ্টেম্বর হইতে শুরু হওয়ার নোটিস দিয়াছে পরীক্ষা নিয়ন্ত্রক (৭ম পৃঃ দ্রঃ)

## '৯১ সালের

(৩য় পৃঃ পর)

বিভাগ। বিগত পরীক্ষাগুলির অভিজ্ঞতার আলোকে বলা যায়; এমএসসি পরীক্ষা ৩/৪ বার না পিছাইয়া হয় না। আবার পরীক্ষা সম্পন্ন হইতে প্রায় একবছর লাগে। ১৯৯০ সনের এমএসসি পরীক্ষা কয়েকবার পিছাইয়া সম্পন্ন হইয়াছে ১৯৯৭ সনের প্রথম দিকে। অর্থাৎ ১৯৯১ সনের পরীক্ষা সম্পন্ন হইতে ১৯৯৮ সনের মাঝামাঝি লাগিবে। ১ বছরের এমএসসি পাস করিতে তাহা হইলে ৭ বছর লাগে। ছাত্র-ছাত্রীদের পরীক্ষা পিছানোর প্রবণতা, কর্তৃপক্ষের অবহেলা ও রাজনৈতিক কারণেই মুখ্য। অধিকাংশেরই চাকরীর বয়স শেষ হইয়া গিয়াছে। এই কারণে মাষ্টার্সে সেমিষ্টার পরীক্ষা পদ্ধতি চালু করা হইয়াছে। ইহাতে সময় লাগে ২০ মাস।